

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৬.১৯.৪২০

তারিখ: ৯ আশ্বিন ১৪২৬

২৪ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: চূড়ান্ত অব্যাহতি প্রদান।

জনাব তানভীর হাসান, মাঠসহকারী আমার বাড়ি আমার খামার প্রকল্প, মাধবপুর, হবিগঞ্জ-কে সমিতির অর্থ হস্তমজুদ, প্রকল্পের কাজে চরম অনীহা, সমিতির সদস্য, সভাপতি/ম্যানেজারদের সাথে খারাপ আচরণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ নানাবিধ কারণে প্রকল্প সদর কার্যালয়ের ১৯.০২.২০১৯ তারিখের ৪৭ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলব করা হয়। কিন্তু তিনি প্রকল্প সদর দপ্তর কর্তৃক প্রেরিত কৈফিয়ত তলব এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তার নিকট প্রেরিত পত্রের কোন গুরুত্ব না দিয়ে নিজের খেয়াল খুশিমত অফিসে আসা যাওয়া করছেন। এছাড়া তিনি তার বড় ভাই ও দলীয় লোকজন নিয়ে প্রকল্প অফিসে এসে বেতন-ভাতা দাবি এবং অসদাচরণসহ নানা রকম হুমকি ধামকি প্রদর্শন করেন। যা গুরুতর অসদাচরণ এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী।

২। মাঠসহকারী জনাব তানভীর হাসান-কে ইতোপূর্বে বার বার প্রকল্পের কাজে মনযোগী হতে বললেও তিনি কোন কর্ণপাত করেননি। এছাড়া প্রকল্পে তার দায়িত্বপ্রাপ্ত ইউনিয়নে সমিতি গঠন, সদস্য অন্তর্ভুক্তি, সঞ্চয় আদায় এবং ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অত্যন্ত হতাশাজনক। যা তার কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অদক্ষতার প্রমাণ। এ বিষয়ে প্রকল্প সদর কার্যালয়ে প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক মাঠসহকারী জনাব তানভীর হাসানের শুনানী গ্রহণ করা হয়। তার শুনানী গ্রহণকালে স্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, তিনি প্রকল্পের কাজে অত্যন্ত অমনযোগী এবং অদক্ষ। তাকে দিয়ে প্রকল্পের কাজ সুচারুভাবে সম্পন্ন করা কোনোভাবেই সম্ভব নয়। এহেন অবস্থায় তাকে প্রকল্পের চাকুরিতে বহাল রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে।

৩। এমতাবস্থায়, প্রকল্পের কাজে চরম গাফিলতি, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য এবং অদক্ষতার কারণে চুক্তিভিত্তিক নিয়োগের ৬ নং শর্ত অনুযায়ী তাকে প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



২৪-৯-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

জনাব তানভীর হাসান, মাঠসহকারী, মাধবপুর, হবিগঞ্জ।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০০৬.১৯.৪২০/১(৮)

তারিখ: ৯ আশ্বিন ১৪২৬

২৪ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক,, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

- ২) জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প(প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, হবিগঞ্জ।
- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাধবপুর, হবিগঞ্জ।
- ৭) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মাধবপুর, হবিগঞ্জ।
- ৮) অফিস নথি।



২৪-৯-২০১৯

আকবর হোসেন
প্রকল্প পরিচালক